

গবেষণা

জনবল স্বল্পতার কারণে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) স্বল্প পরিসরে মাঠ গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। যার অংশ হিসেবে প্রতিবছর বারটান এর নির্মাণাধীন প্রধান কার্যালয়সহ (নারায়নগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার বিশনন্দী ইউনিয়ন) আঞ্চলিক কেন্দ্রসমূহের আওতাধীন ৪,০০০ কৃষক পরিবারের মধ্যে বিনামূল্যে পুষ্টিমানসমৃদ্ধ বিভিন্ন ধরনের শাক-সবজির বীজ, ফলদ, বনজ ও ভেষজ গাছের চারা বিতরণ করা হয়। সংশ্লিষ্ট ক্ষেত্রে জনবল নিয়োগের পর মাঠ গবেষণা কার্যক্রম আরও জোরদার করা হবে। এছাড়া সংশ্লিষ্ট ক্ষেত্রে জনবল নিয়োগের পর ল্যাব গবেষণা কার্যক্রম পরিচালনা করা হবে। ল্যাব গবেষণা কার্যক্রমের আওতায় নিম্ন উল্লেখিত শাখাসমূহ অন্তর্ভুক্ত আছে।

- ০১। পুষ্টি বিশ্লেষণ শাখা।
- ০২। খাদ্য শস্য শাখা।
- ০৩। মৎস্য শাখা।
- ০৪। ঔষধি উদ্ভিদ শাখা।
- ০৫। ডায়েট প্রমিত করণ শাখা।

ল্যাব গবেষণার আওতায় খাদ্য শস্যের পুষ্টিমান বিশ্লেষণ, খাদ্য চক্রে (Food Chain) ব্যবহৃত রাসায়নিক ও আর্সেনিকের ক্ষতিকর প্রভাব বিষয়ে গবেষণা করা হবে। অধিক পুষ্টিমান সম্পন্ন খাদ্যসামগ্রী, জাত ও প্রযুক্তি উদ্ভাবনে স্বতন্ত্রভাবে এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করা হবে। এছাড়াও পুষ্টি অবস্থার উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব নিরূপণে গবেষণা কার্যক্রম পরিচালনা অব্যাহত থাকবে। সর্বোপরি খাদ্যশস্যের সংগ্রহপূর্ব ও সংগ্রহহস্তের ক্ষয়-ক্ষতিহাস ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং সংরক্ষণ বিষয়ে প্রযুক্তি উদ্ভাবন ও গবেষণা করা হবে।